NRBC BANK

ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

পুনঃদরপত্র আহ্বান
"অফিস ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ"

তারিখ: ১৬ নভেম্বর ২০২৬ ইং

নিম্নবর্ণিত শর্তাবলির ভিত্তিতে আগামী ০১ (এক) বছরের জন্য অফিস ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ সম্পাদনের লক্ষ্যে অভিজ্ঞ ও যোগ্য সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে সিলগালাকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	বিষয়	বিবরণ
০১	ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম	এনআরবিসি ব্যাংক পিএলসি.
০২	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method - OTM)
০৩	দরপত্রের বিষয়	অফিস ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ
০৪	দরপত্রের সামগ্রী	১. অফিস ফার্নিচার (চেয়ার, সোফা ও টি-টেবিল)। ২. অফিস ফার্নিচার (টেবিল, সাইড টেবিল, ফাইল কেবিনেট ও মোবাইল ড্রয়ার)। ৩. স্টিল ফার্নিচার (স্ট্রং রুম ডোর, আয়রন সেফ, স্টিল ক্যাশ কেবিনেট, স্টিল আলমিরা ও ট্রাঙ্ক)।
০৫	অফিসের নাম ও ঠিকানা	ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। যোগাযোগ: +৮৮০২২২৩৩৫৩৪২২
০৬	দরপত্র প্রকাশের তারিখ	১৭.১১.২০২৬ ইং
০৭	দরপত্র সংগ্রহের তারিখ ও সময়	১৭.১১.২০২৬ হতে ২৫.১১.২০২৬ পর্যন্ত।
০৮	দরপত্রের মূল্য	১, ২ ও ৩ নম্বর প্রতিটি দরপত্রের জন্য ১,০০০.০০ (এক হাজার) টাকা হারে 'এনআরবিসি ব্যাংক পিএলসি.'-এর অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার দাখিল করতে হবে। উক্ত পে-অর্ডারের অর্থ অফেরতযোগ্য (Non-Refundable)।
০৯	দরপত্র জামানত	৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা 'এনআরবিসি ব্যাংক পিএলসি.'-এর অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে জমা দিতে হবে, যা দরপত্র কার্যক্রম শেষে ফেরতযোগ্য।
১০	কার্যসম্পাদন জামানত	প্রযোজ্য নয়।
১১	দরদাতার যোগ্যতা	সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
১২	দরপত্র জমাদানের স্থান, তারিখ ও সময়	২৫.১১.২০২৬ তারিখ দুপুর ১২:০০টার মধ্যে এনআরবিসি ব্যাংক পিএলসি., ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় দরপত্র জমা দিতে হবে।
১৩	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	২৫.১১.২০২৬ তারিখ দুপুর ১২:৩০টায় এনআরবিসি ব্যাংক পিএলসি., ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় দরপত্র খোলা হবে।
১৪	দরদাতার দাখিলযোগ্য কাগজপত্র	ক) বৈধ রেজিস্ট্রেশন সনদ। খ) মালিকানাসংক্রান্ত কাগজপত্র। গ) ভ্যাট নিবন্ধন সনদ ও টিআইএন সনদ। ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স। ঙ) ব্যাংক সলভেন্সি সনদ।
১৫	বিশেষ নির্দেশনা	ক) দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। খ) ক্রয়কারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। গ) দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় দরদাতার অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে। ঘ) শুধুমাত্র সর্বনিম্ন দরই দরপত্র গ্রহণের একমাত্র মানদণ্ড হিসেবে বিবেচিত হবে না। ঙ) ভেন্ডর/সরবরাহকারীগণ তাঁদের সক্ষমতা ও আগ্রহ অনুযায়ী একক বা একাধিক আইটেমে অংশগ্রহণ করতে পারবেন।

এ. আই. এম. মোস্তফা
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় প্রধান
ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন
এনআরবিসি ব্যাংক পিএলসি